

২২ বছর আগের যে 'জলসা' এখন ভাইরাল

কালের কণ্ঠ অনলাইন ৪ ডিসেম্বর, ২০১৭ ১৭:৪৭ | পড়া যাবে ১ মিনিটে

প্রিন্ট



অ- অ অ+

মেয়র আনিসুল হক চলে গেছেন না ফেরার দেশে। কিন্তু রেখে গেছেন কিছু অনবদ্য কাজ। বাংলাদেশ টেলিভিশনে আশি থেকে নব্বইয়ের দশকে তাঁর উপস্থাপনায় বেশ কিছু ভিন্নধর্মী অনুষ্ঠান আজও মনে রেখেছে মানুষ। তেমনই একটি অনুষ্ঠান 'জলসা'।

আনিসুল হকের মৃত্যুর মাত্র কয়েক মাস আগে বিটিভি-র এই অনুষ্ঠানটি অনেকেই ফেসবুকে শেয়ার করেছেন। মৃত্যুর পর নতুন করে অনেকেই শেয়ার করছেন এটি।

১৯৯৫ সালের ২৪শে সেপ্টেম্বর এটি বিটিভিতে সম্প্রচার হয়। চলতি বছরের মে মাসে ইউটিউবে পোস্ট করা হয়েছে ভিডিওটি। এ পর্যন্ত ২ লাখেরও বেশি বার দেখা হয়েছে। ২২ বছরের পুরোনো একটা ভিডিও কেন এতটা জনপ্রিয় জানতে হলে আপনাকে পুরো অনুষ্ঠানটি দেখতে হবে। ইউটিউবে ভিডিওর নীচে চারশ'টিরও বেশি মন্তব্যে সবাই জানিয়েছেন নিজেদের ভালো লাগার কথা, অনেকের শৈশবের কথা।

দেখুন ভিডিওটি >

প্রায় ২২ বছর আগের একটা অনুষ্ঠান আবারও দেখছে লাখো মানুষ। এই অনুষ্ঠানের ভিন্নতা এবং উপযোগিতা যে এখনো শেষ হয়ে যায়নি 'জলসা' যেন সেটাই মনে করিয়ে দিচ্ছে।